দৈনিক
আমাদের সময়

তারিখ ১ 9 JUN 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

# বাজেটে গবেষণা খাতে অতিরিক্ত ১০০০ কোটি টাকা বরাদ্দ দাবি

নিজস্ব প্রতিবেদক ●
প্রস্তাবিত জাতীয় বাজেটে গবেষণা খাতে অতিরিক্ত ১ হাজার কোটি টাকা বরাদ্দের দাবি জানিয়েছে দেশের প্রকৌশল শিক্ষার্থীদের সংগঠন ইঞ্জিনিয়ারিং স্টুডেন্টস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ বুয়েট এনার্জি ক্লাব।

গতকাল বুয়েটে জাতীয় বাজেট অর্থবছর ২০১৭-১৮-এর ওপর 'উন্নয়ন, উদ্ভাবন, গবেষণা বাজেট প্রত্যাশা-২০১৭' শিরোনামে এক মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়। এতে জ্বালানি ও প্রযুক্তি নিয়ে তারুণ্যের স্বপ্নকে সামনে রেখে বাজেট শীর্ষক আলোচনা করা হয়। সভায় শিক্ষার্থী, তরুণ গবেষক, শিক্ষক ও উদ্যোক্তারা সংসদে প্রস্তাবিত নতুন বাজেট সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি এবং প্রত্যাশার কথা তুলে ধরেন।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ, নাহিম রাজ্জাক এমপি, নাইমুজ্জামান মুক্তা, মোহাম্মদ হোসাইনসহ জ্বালানি বিশেষজ্ঞ ও বুয়েট শিক্ষকরা সভায় উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর